



যুদ্ধবিমান দুর্ঘটনায় মৃত্যুর মিছিল: আইসিইউতে আরও এক শিশুর মৃত্যু, প্রাণহানি বেড়ে ৩২



সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় আহত শিশু নাফির মৃত্যুতে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩২ জনে। নিহতদের মধ্যে রয়েছে পাইলট, শিক্ষিকা ও বহু শিশু। আহতদের মধ্যে অনেকেই এখনও চিকিৎসাধীন, আর কয়েকটি মরদেহ শনাক্ত করা সম্ভব হয়নি।

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের ভয়াবহ ঘটনায় চিকিৎসাধীন আরও একজন শিশু মৃত্যুবরণ করেছে। মঙ্গলবার দিবাগত রাত ১২টা ১৫ মিনিটে ৯ বছর বয়সী নাফি আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। দুর্ঘটনায় তার শরীরের প্রায় ১১ শতাংশ দক্ষ হয়েছিল। তার মৃত্যুর আগের রাতেই তার বড় বোন, ১৩ বছর বয়সী নাজিয়া আবাসসুম নিব্বুমও চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করে।

সাম্প্রতিক এই দুর্ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩২ জনে। তাদের মধ্যে একজন পাইলট, দুইজন শিক্ষিকা ও ২৬ জন শিশু রয়েছে। বর্তমানে রাজধানীর বিভিন্ন হাসপাতালে আরও অন্তত ১৬৪ জন আহত রোগী চিকিৎসা নিচ্ছেন, যাদের অনেকের অবস্থাই আশঙ্কাজনক।

এদিকে, নিহতদের মধ্যে ৬ জনের মরদেহ এখনও শনাক্ত করা যায়নি। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, ওই মরদেহগুলোর ডিএনএ নমুনা সংগ্রহ করা হয়েছে। পরিচয় শনাক্তে নিখোঁজদের স্বজনদের মালিবাগে সিআইডি ল্যাবরেটরিতে ডিএনএ নমুনা দিতে অনুরোধ জানানো হয়েছে।